

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, আগারগাঁও, ঢাকা - ১২০৭।

স্মারক নং-বিমক/৫(৩৪)/প্রকা/২০১৩/৬৬৬

তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৪

রেজিস্ট্রার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০।

বিষয় : উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশনা।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য প্রতিবছরের ন্যায় এবারও আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণের নিকট হতে পাণ্ডুলিপি সহ আবেদনপত্র আহ্বান করছে।

- ১। বাংলায় সর্বোচ্চ ১২ পয়েন্টে ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ পয়েন্টে কম্পিউটার কম্পোজ করে ৩ (তিন) কপি মূল পাণ্ডুলিপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লেখক কর্তৃক কমিশনে দাখিল করতে হবে।
- ২। নির্বাচিত পাণ্ডুলিপির ক্ষেত্রে পাণ্ডুলিপি প্রণেতা কর্তৃক পাণ্ডুলিপি ১/১৬ ডবল ডিমাই/ক্রাউন বা ১/৮ ডবল ডিমাই সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের প্রকাশনা ও তথ্য শাখায় দাখিল করতে হবে।
- ৩। নির্বাচিত পাণ্ডুলিপির সাইজ সাধারণভাবে ১/১৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা এবং ১/৮ ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৪। প্রকাশিতব্য বইয়ের সূচিপত্র দ্বাতক ও দ্বাতকোত্তর পর্যায়ের সংশ্লিষ্ট সিলেবাসের কতটুকু অংশ অন্তর্ভুক্ত (Coverage of Syllabus) এবং এক বা একাধিক পত্রের মোট কতমানের উত্তর সংবলিত হবে (Marks allotted to topics in the book) তা উল্লেখ করতে হবে।
- ৫। প্রাপ্ত পাণ্ডুলিপি ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচনের পর বিশেষজ্ঞ মতামতানুযায়ী যদি পাণ্ডুলিপির বিষয়গত ও ভাষাগত মানোন্নয়নের আবশ্যিকতা দেখা দেয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পাণ্ডুলিপি প্রণেতার সঙ্গে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হবে।
- ৬। সাধারণভাবে নির্বাচিত পাণ্ডুলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হবে, তবে চাহিদার পরিপ্রেক্ষিতে সর্বোচ্চ ১২৫০ (এক হাজার দুইশত পঞ্চাশ) কপি প্রকাশ করা যাবে।
- ৭। ইউজিসি প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পাণ্ডুলিপি সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণের দ্বারা মূল্যায়ন এবং আনুষঙ্গিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পাণ্ডুলিপি পুস্তকাকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। পাণ্ডুলিপি পুস্তকাকারে মুদ্রণ করার পূর্বে নন-জুডিসিয়াল স্ট্যাম্প লেখক কমিশনের সঙ্গে সমঝোতা স্মারক সম্পাদন করতে হবে এবং পুস্তক প্রকাশনা তহবিলের নীতিমালা অনুযায়ী লেখক রয়্যালটি এবং বিশেষজ্ঞ সম্মানী প্রদান করা হবে।
- ৯। পুস্তক অনুবাদের ক্ষেত্রে মূল প্রকাশকের নিকট হতে অনুমতিপত্র সংগ্রহ করে তা পাণ্ডুলিপির সাথে সংযোজন করতে হবে।
- ১০। বই বিপণনের ক্ষেত্রে লেখককে দায়িত্ব নিতে হবে। প্রকাশিত ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপির মধ্যে ২০০ (দুইশ) কপি এবং ১২৫০ (এক হাজার দুইশ পঞ্চাশ) কপির মধ্যে ৫০০ (পাঁচশ) কপি বই লেখককে বিক্রয় ও বিপণনের জন্য গ্রহণ করতে হবে- এ মর্মে সমঝোতা স্মারক সম্পাদনা করতে হবে।

অতএব, উল্লিখিত শর্তের আলোকে কমিশনের মাধ্যমে বই প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ৩১ মার্চ ২০১৪ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে ৩ (তিন) কপি পাণ্ডুলিপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। নোর্টিশটি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, অনুষদ ও ইন্সটিটিউটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে,



(মো. কামাল হোসেন)

সদস্য-সচিব, ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি


এবং

উপপরিচালক (প্রকাশনা ও তথ্য)

রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন বিভাগ

ফোন : ৮৮-০২- ৮১৮১২৭৯

ই-মেইলঃ kamalugc63@yahoo.com



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ম-৬/রে- ৪৪৪১ (৪৫)

তারিখঃ ২০.৩.১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি:-

- ১। সকল বিভাগ প্রধান।
- ২। সকল ইনস্টিটিউট/সেন্টার-এর পরিচালকবৃন্দ।
- ৩। গার্ড ফাইল/ব-৬।

all teachers